কালের কণ্ঠ

তারিখ 17 AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

# সরদার ফজলুল করিম দর্শন পদক পেলেন ড. আবদুল মতীন

নিজস্ব প্রতিবেদক ▷

দর্শনের মৌলিক চিন্তার স্বীকৃতি হিসেবে 'সরদার ফজলুল করিম দর্শন পদক' পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. আবদুল মতীন। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার আর্টস মিলনায়তনে এক অনুষ্ঠানে এই পদক ও পুরস্কারের ৫০ হাজার টাকার চেক তাঁর হাতে তুলে দেন উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

বাংলা বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. এম এম আকাশ ও দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. প্রদীপ কুমার রায়। 'সরদার ফজলুল করিমের দর্শনচিন্তা' শীর্ষক স্মারক বক্তৃতা দেন দর্শন বিভাগের অধ্যাপক ড. হারুন রশীদ। দর্শন বিভাগ ও বাঙলার পাঠশালা নামের একটি সংগঠন যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে। ২০১৩ সাল থেকে নিয়মিত 'সরদার ফজলুল করিম পদক' প্রদান করছে সংগঠনটি।

অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, 'সরদার ফজলুল করিমের জীবন থেকে আমাদের শেখার অনেক কিছু রয়েছে। আমরা যত বেশি তাঁকে স্মরণ করব তত বেশি লাভবান হব। এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা পাব। সরদার ফজলুল করিম মনে করতেন তরুণরাই সমাজ উন্নয়নের অগ্রদূত। তরুণদের প্রতি তাঁর আস্থা ছিল অনেক বেশি।'

ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, সরদার ফজলুল করিম ছিলেন একজন স্বনামধন্য দার্শনিক। তাঁর চালচলন, আচার-ব্যবহার, চিন্তা-ভাবনা সবাইকে মুগ্ধ করত। সবার কাছে তিনি ছিলেন খুবই প্রিয়। সত্যের প্রকাশ এবং সেই সত্যের সঙ্গে কোনো মিথ্যার মিশ্রণ না করাই ছিল তাঁর মূল দর্শন।